“যে সমস্ত লোক কোন দরবারে বসেছে অথচ তারা আল্লাহ তা’আলার যিকর করেনি এবং তাদের নবীর প্রতি দরূদও পড়েনি, তারা বিপদগ্রস্ত ও আশাহত হবে। আল্লাহ তা’আলা চাইলে তাদেরকে শাস্তিও দিতে পারেন কিংবা মাফও করতে পারেন”।

আবূ হুরায়রা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যে সমস্ত লোক কোন দরবারে বসেছে অথচ তারা আল্লাহ তা’আলার যিকর করেনি এবং তাদের নবীর প্রতি দরূদও পড়েনি, তারা বিপদগ্রস্ত ও আশাহত হবে। আল্লাহ তা’আলা চাইলে তাদেরকে শাস্তিও দিতে পারেন কিংবা মাফও করতে পারেন”।
[সহীহ] [এটি আবূ দাঊদ, তিরমিযী ও নাসাঈ তার সুনানুল কুবরায় বর্ণন করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর যিকিরকে অবহেলা করার বিরুদ্ধে সতর্ক করে দিয়েছেন। কোন মানুষ কোন সমাবেশে বসেনি, সেখানে আল্লাহর যিকির করেনি এবং তাঁর রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের উপর দরূদ প্রেরণ করেনি, যা কিয়ামতের দিন তাদের অনুশোচনা, অনুতাপ, ক্ষতি ও ব্যর্থতার কারণ হবে না। তিনি ইচ্ছা করলে তার পূর্ববর্তী পাপ এবং ভবিষ্যতের ত্রুটি-বিচ্যুতির জন্য শাস্তি দেবেন এবং ইচ্ছা করলে তাঁর অনুগ্রহ ও করুণায় তাকে ক্ষমা করবেন।

http://sunnah.global/hadeeth/bn/show/5511